



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৯.২০২০-৪১৭

১৩ অক্টোবর ২০২০ বঙ্গাব্দ
তারিখঃ ২৮.১১.২০২০ খ্রি.

আদেশ

যেহেতু ডা. মুঃ রয়েস উদ্দিন (৪২৬৮০), সহকারী অধ্যাপক, গ্যাস্ট্রোএন্টারোলজি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা (সাবেক সহকারী অধ্যাপক, গ্যাস্ট্রোএন্টারোলজি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর) উক্ত মেডিকেল কলেজে ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে কম্পিউটার ও যন্ত্রাংশ, আসবাবপত্র, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম এবং বইপত্র ও সাময়িকী খাতে ক্রয় প্রক্রিয়ায় বাজার দর কমিটির সদস্য হিসেবে কোনো প্রকার পরীক্ষা-নিরীক্ষা না করে প্রাক্কলিত মূল্য নির্ধারণ করেছেন, যা বাজার দরের সাথে মোটেও সামঞ্জস্যপূর্ণ নয় এবং কোনো কোনো পণ্য ৩/৪ গুণ বেশি দামে ও প্রয়োজনের অতিরিক্ত ক্রয় করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে ৩০.০১.২০২০ খ্রি. তারিখের ৯৩ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ২৭.০৯.২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;


যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ডা. মুঃ রয়েস উদ্দিন ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

যেহেতু প্রতীয়মান হয় যে, এ ধরনের ক্রয় কাজে তার কোনো পূর্ব অভিজ্ঞতা ছিল না;

সেহেতু তার কর্তব্যকর্মে গাফিলতির বিষয়টি পর্যালোচনান্তে প্রথমবার কৃত অপরাধ হিসেবে নমনীয় দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ফ) মোতাবেক ডা. মুঃ রয়েস উদ্দিনকে 'তিরস্কার' লঘুদণ্ড আরোপ করা হলো এবং তাকে ভবিষ্যতে আরও দায়িত্বশীল ও সতর্ক থেকে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সঙ্গে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৮.১১.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৯.২০২০- ৪১৭/১(৩২)

তারিখঃ ২৮.১১.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। অধ্যক্ষ, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। ডা. মুঃ রয়েস উদ্দিন (৪২৬৮০), সহকারী অধ্যাপক, গ্যাস্ট্রোএন্টারোলজি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা
- ১২। অফিস কপি

২৮.১১.২০২০

(মোঃ শাহাদত হোসেন কবির)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮০.২০২০-৪৮

তারিখঃ ২৬.০৮.১৪২৭ বঙ্গাব্দ
২৬.১১.২০২০ খ্রি.

আদেশ

যেহেতু ডা. মোঃ আনিসুর রহমান হাওলাদার (৪২৮৫৪), সহযোগী অধ্যাপক (চলতি দায়িত্ব), মেডিসিন, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর উক্ত মেডিকেল কলেজে ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্ধবছরে কম্পিউটার ও যন্ত্রাংশ, আসবাবপত্র, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম এবং বইপত্র ও সাময়িকী খাতে ক্রয় প্রক্রিয়ায় বাজার দর কমিটির সদস্য হিসেবে কোনো প্রকার পরীক্ষা-নিরীক্ষা না করে প্রাক্কলিত মূল্য নির্ধারণ করেছেন, যা বাজার দরের সাথে মোটেও সামঞ্জস্যপূর্ণ নয় এবং কোনো কোনো পণ্য ৩/৪ গুন বেশি দামে ও প্রয়োজনের অতিরিক্ত ক্রয় করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে ৩০.০১.২০২০ খ্রি. তারিখের ৯২ নং স্মারকমূলে বিভাগীয় সম্মেলন বৃদ্ধি করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু গত ২৭.০৯.২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা ডা. মোঃ আনিসুর রহমান হাওলাদার ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

যেহেতু প্রতীয়মান হয় যে, এ ধরনের ক্রয় কাজে তার কোনো পূর্ব অভিজ্ঞতা ছিল না;

সেহেতু তার কর্তব্যকর্মে গাফিলতির বিষয়টি পর্যালোচনান্তে প্রথমবার কৃত অপরাধ হিসেবে নমনীয় দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক ডা. মোঃ আনিসুর রহমান হাওলাদারকে 'তিরস্কার' লঘুদণ্ড আরোপ করা হলো এবং তাকে ভবিষ্যতে আরও দায়িত্বশীল ও সতর্ক থেকে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হল। এ সঙ্গে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬.১১.২০২০

(মো. আবদুল মান্নান)

সচিব

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৮০.২০২০-৪৮/১ (১২)

তারিখঃ ২৬.১১.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। অধ্যক্ষ, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি স্বাস্থ্য সেবা বিভাগের শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের অনুরোধসহ}
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। ডা. মোঃ আনিসুর রহমান হাওলাদার (৪২৮৫৪), সহকারী অধ্যাপক (চলতি দায়িত্ব), মেডিসিন, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর
- ১২। অফিস কপি

২৮.১১.২০২০
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.hsd.gov.bd



নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৯.২০২০-৪১৯

তারিখঃ ২৬.১১.২০২০ খ্রি.

বিষয়ঃ ডা. নাজিয়াত ইসলাম (১২৮২৩৩), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং ... ১৬৭./২০২০

অভিযোগনামা

যেহেতু আপনি ডা. নাজিয়াত ইসলাম (১২৮২৩৩), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর আপনার বর্তমান কর্মস্থল বিমান বাহিনী ঘাঁটি 'বাশার'-এর চিকিৎসা বহরে (হাসপাতাল) গত ৩ মে ২০২০ খ্রি. তারিখে ডিউটি মেডিকেল অফিসার (ডিএমও) হিসেবে দায়িত্ব পালনের জন্য বলা হলেও যুক্তিসঙ্গত কারণ হাড়াই কর্তব্যপালনে লিখিত ও মৌখিকভাবে অপারগতা প্রকাশ করেন;

যেহেতু আপনি গত ৩, ৫, ১২-১৪ মে ও ১৭ মে ২০২০ খ্রি. তারিখে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু ইতঃপূর্বে বিমান বাহিনী ঘাঁটি 'বঙ্গবন্ধু'তে কর্মরত থাকাকালেও আপনার মধ্যে একইরকমভাবে কর্মস্থলে অনুপস্থিতি এবং দায়িত্ব পালনে অবহেলার প্রবণতা লক্ষ্য করা গেছে;


যেহেতু আপনি বিমান বাহিনীকে চিকিৎসা সেবা প্রদানে বিরত আছেন এবং আপনার কর্মকাণ্ডে বিমান বাহিনী কর্তৃপক্ষ বিরত হয়েছে;

যেহেতু আপনার উপরোল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।


২৬.১১.২০২০
(মো. আবদুল মান্নান)
সচিব

ডা. নাজিয়াত ইসলাম (১২৮২৩৩)

মেডিকেল অফিসার

ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা

(স্থায়ী ঠিকানাঃ গ্রাম: সায়দারগাঁও, উপজেলা: মনোহরদী, জেলা: নরসিংদী


বর্তমান ঠিকানাঃ ২৩/৪, সি কে এম দাশ লেন, হাটখোলা, ঢাকা)

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৬৯.২০২০-৪১৯/২(১০)

তারিখঃ ২৬.১১.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীকৃত প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। গুপ ক্যাপ্টেন, বিমান সচিব শাখা, বিমানবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস
- ৪। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। অফিস কপি


২৬.১১.২০২০
(মো: শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

অভিযোগ বিবরণী


আপনি ডা. নাজিয়াত ইসলাম (১২৮২৩৩), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর আপনার বর্তমান কর্মস্থল বিমান বাহিনী ঘাঁটি 'বাশার'-এর চিকিৎসা বহরে (হাসপাতাল) গত ৩ মে ২০২০ খ্রি. তারিখে ডিউটি মেডিকেল অফিসার (ডিএমও) হিসেবে দায়িত্ব পালনের জন্য বলা হলেও যুক্তিসঙ্গত কারণ ছাড়াই কর্তব্যপালনে লিখিত ও মৌখিকভাবে অপারগতা প্রকাশ করেন;

আপনি গত ৩, ৫, ১২-১৪ মে ও ১৭ মে ২০২০ খ্রি. তারিখে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

ইতঃপূর্বে বিমান বাহিনী ঘাঁটি 'বঙ্গবন্ধু'তে কর্মরত থাকাকালেও আপনার মধ্যে একইরকমভাবে কর্মস্থলে অনুপস্থিতি এবং দায়িত্ব পালনে অবহেলার প্রবণতা লক্ষ্য করা গেছে;

আপনি বিমান বাহিনীকে চিকিৎসা সেবা প্রদানে বিরত আছেন এবং আপনার কর্মকাণ্ডে বিমান বাহিনী কর্তৃপক্ষ বিরত হয়েছে;

আপনার উপরোল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯-এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যকলাপ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত হয়েছেন।


২৬.১১.২০২০

(মো. আবদুল মান্নান)
সচিব